**SHARIF**
Pharmaceuticals Ltd.

# BANGAY

## Camphor + Menthol + Methyl Salicylate Cream

**Composition:**
Each 100 gram of cream contains 4.0 g of Camphor USP, 10.0 g of Menthol USP and 30.0 g of Methyl Salicylate BP.

**Pharmacology:**
Each of the ingredients within the combination shows distinct function in reduction of pain. One of the ingredients is camphor which shows spasmolytic action on smooth muscle. It causes the reduction of $Ca^{2+}$ influx in the smooth muscles and thus reduces the contraction of muscles. This results in decreased muscles spasm. Another action of camphor is to reduce the pain by increasing the threshold level. Pain stimuli are not enough to be transmitted to brain because of increased threshold level. Menthol exerts cooling and soothing effect by stimulating the cold receptor and thus causes reduction of pain. Methyl Salicylate is converted to salicylic acid and causes the inhibition of cyclooxygenase enzyme. As a result prostaglandin synthesis is being inhibited and that ultimately results in reduction of pain.

**Indications:**
This combined preparation provides temporary relief of minor aches and pains of muscles and joints associated with backache, lumbago, strains, bruises, sprains and arthritis or rheumatic pain, pain of tendons and ligaments. Several double-blind clinical studies of this product containing Methyl Salicylate and Menthol have shown the effectiveness of this combination in counteracting minor pain of skeletal muscle stress and arthritis.

**Dosage and Application:**
Adults and Children 2 years of age and older: Apply generously to the painful area and gently massage until the cream disappears. Apply to affected area not more than 3 to 4 times daily. If condition worsens, or if symptoms persist for more than 7 days or clear-up and occur again within a few days, discontinue use of this product and consult a doctor.
Children below 2 years of age: Sufficient data is not available for use of this product in children below 2 years of age

**Side effects:**
Redness or irritation may occur, especially in persons with sensitive skin. Adverse reactions possibly involved are mild to moderate local irritation, erythema, rash, desquamation, pruritis and relative local reaction at the application site.

**Contraindications:**
Contraindicated in patients with bleeding disorders, allergy to Salicylate or sensitivity to any of the components. Application to broken skin or raw surfaces is not recommended.

**Precautions:**
For external use only. Use only as directed. Does not use with a heating pad. Keep away from children to avoid accidental poisoning. Do not use tight bandage. Do not swallow. If swallowed, induce vomiting and call a physician. Keep away from eyes, mucous membranes, broken or irritated skin. If skin redness or irritation develops, pain lasts for more than 10 days, or with arthritis-like conditions in children under 12, do not use and call a physician. Long term and excess administration may cause skin irritation and redness. So the cream should be administered according to recommended dose. Therapy might be hazardous for patients with impaired kidney or liver function or for smaller children.

**Drug Interactions:**
Methyl Salicylate is systemically absorbed through the skin in measurable amounts and may increase Warfarin action by affecting vitamin K metabolism or by displacing Warfarin from protein-binding sites.

**Storage :**
Maintain the temperature between 20°and 25° C (68° and 77°F). Store in a cool and dry place.

**Packing:**
**BANGAY Cream:** Lamitube containing 15/25/50 g of cream.

Manufactured by :

**Sharif Pharmaceuticals Ltd**
Rupganj, Narayanganj, Bangladesh.

P12056

**SHARIF**
Pharmaceuticals Ltd.

# বেনগে

## ক্যামফর+মেনথল+মিথাইল স্যালিসাইলেট

**উপাদান:**
প্রতি ১০০ গ্রাম ক্রীমে আছে ক্যামফর ইউএসপি ৪ গ্রাম, মেনথল ইউএসপি ১০ গ্রাম এবং মিথাইল স্যালিসাইলেট বিপি ৩০ গ্রাম।

**ফার্মাকোলজি:**
ব্যথা প্রশমনের ক্ষেত্রে এই ক্রীমের প্রতিটি উপাদানই কাজ করে ভিন্ন ভিন্ন ভাবে। এ সকল উপাদানের মাঝে একটি উপাদান হলো ক্যামফর যা মাংশপেশীর সংকোচন রোধ করে. এটি ক্যালসিয়াম আয়নের প্রবাহকে বাধা দানের মাধ্যমে মাংশপেশীর অনিয়মিত সংকোচন রোধ করে। ক্যামফর এর আরও একটি কাজ হলো এটি ব্যথার থ্রেশহোল্ড বাড়িয়ে দিয়ে ব্যথানাশক হিসাবে কাজ করে। মিথাইল স্যালিসাইলেট স্যালিসাইলিক এসিডে রূপান্তরিত হয়ে সাইক্লোঅক্সিজিনেস এনজাইমকে বাধা প্রদান করে। যার ফলে প্রোস্টাগ্লান্ডিন তৈরী বন্ধ হয় এবং ব্যথা প্রশমিত হয়।

**নির্দেশনা:**
এই ক্রীম ব্যবহারের ফলে মাংশপেশী এবং হাড়ের সংযোগস্থলের ছোটখাটো ব্যথা থেকে সাময়িকভাবে মুক্তি পাওয়া যায়। তাছাড়া পিঠের ব্যথা, কোমরের ব্যথা, বাতজ্বর জনিত ব্যথা, টেন্ডন এবং লিগামেন্ট এর ব্যথা, আর্থাইটিক ব্যথার ক্ষেত্রেও এটি নির্দেশিত। বিভিন্ন ধরনের ডাবল্ ব্লাইন্ড ক্লিনিক্যাল স্টাডিতে দেখা গেছে যে এই ক্রীম আর্থাইটিস এবং মাংশপেশীর ছোটখাটো ব্যথার ক্ষেত্রে কার্যকরী।

**মাত্রা ও প্রয়োগবিধি:**
প্রাপ্তবয়স্ক এবং ২ বছর বা তার বেশি বয়সের শিশুদের ক্ষেত্রে : ব্যথা যুক্ত স্থানে ভালভাবে ক্রীমটি লাগান এবং মিশে যাওয়ার আগ পর্যন্ত আস্তে আস্তে মালিশ করুন। দিনে ৩-৪ বারের বেশি ব্যবহার করা যাবেনা। যদি অবস্থার অবনতি হয় অথবা লক্ষণ সমূহ ৭ দিনের বেশি সময় ধরে থাকে অথবা শেষ হবার পর কিছু দিনের মাঝে আবার দেখা যায়, তাহলে ব্যবহার বন্ধ করুন এবং ডাক্তারের পরামর্শ নিন। ২ বছরের নীচে শিশুদের ক্ষেত্রে : পর্যাপ্ত তথ্য পাওয়া যায়নি।

**পার্শ্বপ্রতিক্রিয়া:**
চামড়ায় লাল লাল ভাব এবং জ্বালা যন্ত্রনা হতে পারে, বিশেষ করে ঐসব মানুষের ক্ষেত্রে যাদের চামড়া অনেক সংবেদনশীল। ব্যবহারকৃত জায়গায় স্বল্প মাত্রায় ফুসকুরি, চুলকানি, লাল লাল দাগ হতে পারে ও চামড়া উঠতে পারে।

**বিপরীত নির্দেশনা:**
স্যালিসাইলেট এর প্রতি এলার্জি অথবা অন্য যে কোন ধরনের এলার্জির ক্ষেত্রে এবং ভাঙ্গা ও ক্ষত স্থানের ক্ষেত্রে এটি বিপরীত নির্দেশিত।

**সতর্কতা:**
নিম্নলিখিত বিষয় গুলো মাথায় রেখে এটি সতর্কতার সাথে ব্যবহার করা উচিত। যেমন: শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য, নির্দেশিকা অনুযায়ী ব্যবহার করুন, হিটিং প্যাডের সাথে ব্যবহার করা যাবে না, শিশুদের নাগালের বাইরে রাখুন, শক্তভাবে ব্যান্ডেজ দিয়ে বাঁধবেন না, মুখের ভেতর যেন চলে না যায় সে দিকে খেয়াল রাখবেন, মুখের ভেতর চলে গেলে বমি হতে পারে; সেক্ষেত্রে ডাক্তারের পরামর্শ নিন, চোখে এবং ভাঙ্গা ও ক্ষত স্থানে ব্যবহার করা যাবে না, ১০ দিনের বেশি সময় ধরে যদি ব্যথা থাকে অথবা ১২ বছরের নিচের বাচ্চাদের ক্ষেত্রে যদি আথ্রাইটিক এর ব্যথা থাকে তাহলে ডাক্তারের পরামর্শ নিন, নির্দেশিত মাত্রায় ব্যবহার করুন। ছোট বাচ্চার ক্ষেত্রে এবং যাদের বৃক্ক এবং কিডনির কার্যক্ষমতা দূর্বল থাকে তাদের ক্ষেত্রে এই থেরাপি ক্ষতির কারণ হতে পারে।

**ড্রাগ ইন্টার‍্যাকশন:**
মিথাইল স্যালিসাইলেট একটি নির্দিষ্ট পরিমাণে চামড়ার মধ্য দিয়ে শোষিত হয় এবং ভিটামিন K এর বিপাক ক্রিয়াকে পরিবর্তন করার মাধ্যমে ওয়ারফারিন এর পরিমাণ বাড়িয়ে দেয় অথবা ওয়ারফারিনকে প্রোটিন বাইন্ডিং সাইট থেকে সরিয়ে দেয়।

**সংরক্ষণ:**
২০°- ২৫° সেলসিয়াস (৬৮° এবং ৭৭° ফারেনহাইট) তাপমাত্রায় এবং আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্কস্থানে সংরক্ষণ করতে হবে।

**প্যাকিং:**
**বেনগে ক্রীম:** প্রতিটি ল্যামি টিউবে আছে ১৫/২৫/৫০ গ্রাম ক্রীম।

প্রস্তুতকারক ঃ

**শরীফ ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ ।

P12056